



# শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র

রাজশাহী বিশ্ববিদ্যালয়

সভাপতি/প্রাধ্যক্ষ/পরিচালক

.....  
.....

রাজশাহী বিশ্ববিদ্যালয়

রাজশাহী

বিষয় : বিশ্ব পরিবেশ দিবস ৫ জুন ২০২২ উদযাপন উপলক্ষে আয়োজিত আন্তঃবিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গ।

মহোদয়,

প্রতি বছরের ন্যায় পরিবেশ অধিদপ্তরের আয়োজনে এ বছরও বাংলাদেশ সরকার ৫ জুন ২০২২ বিশ্ব পরিবেশ দিবস উদযাপন উপলক্ষে পরিবেশ বিষয়ক বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করেছে। এ বিতর্ক প্রতিযোগিতায় ১৬ টি বিশ্ববিদ্যালয়/ মেডিক্যাল কলেজ অংশগ্রহণ করবে। বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রতিটি দলকে প্রতি সেশনের জন্য ৩,০০০/- (তিন হাজার) টাকা সম্মানী দেওয়া হবে এবং ঢাকা জেলার বাহিরের দলগুলোকে অতিরিক্ত ৬,০০০/- (ছয় হাজার) টাকা এককালীন দেওয়া হবে। প্রথম ও দ্বিতীয় স্থান অধিকারী দলকে ৪০,০০০/- (চল্লিশ হাজার) ও ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রাইজমানিসহ ক্রেস্ট প্রদান করা হবে।

আজ ১৬ মে ও আগামী কাল ১৭ মে ২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আপনার বিভাগ/হল ও ইন্সটিটিউট থেকে আগ্রহী বিতার্কিকের তিন সদস্য বিশিষ্ট একটি দল গঠন করে দলের সদস্যদের নাম পরিচালক, শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্রে পৌঁছানোর জন্য অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে,

(ড. মো. আরিফ হায়দার)

পরিচালক (ভারপ্রাপ্ত)

শহীদ সুখরঞ্জন সমাদ্দার ছাত্র-শিক্ষক সাংস্কৃতিক কেন্দ্র

রাজশাহী বিশ্ববিদ্যালয়